

ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি

কানাইপুর, ফরিদপুর।

Email: faridpur\_pbs@hotmail.com

মোবাঃ ০১৭৬৯৪০০০২৮

স্মারক নং-২৭.১২.২৯৪৭.৫৪৭.০১.০৩৮.২৩- ২০২২

তারিখঃ- ০৯ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ  
২৩ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ-কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম সরবরাহের জন্য দরপত্র আহ্বান।

ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম ক্রয়ের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে সীলগালাযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

- ০১। দরপত্র গ্রহণ ও খোলার স্থান : ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা।  
(খ) সিনিয়র জেনারেল ম্যানেজার, ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি, কানাইপুর, ফরিদপুর।
- ০২। দরপত্র গ্রহণের তারিখ ও সময় : ২৮/০৫/২০২৩খ্রিঃ, সময়ঃ বেলা ১১:০০ ঘটিকা।
- ০৩। দরপত্র খোলার তারিখ ও সময় : ২৮/০৫/২০২৩খ্রিঃ, সময়ঃ বেলা ১১:০৫ ঘটিকা।

দরপত্র নং	মালামালের বিবরণ ও স্পেসিফিকেশন	পরিমাণ	উদ্ধৃত মূল্য (টাকা)	
			একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
১	২	৩	৪	৫
৩১/২০২২- ২০২৩	বিল ফরম সমূহ চলমান কাগজে (Continuous Paper) তৈরী করতে হবে। চলমান বিল কাগজের বামে ও ডানের ট্রাস্টরের ছিদ্র সমূহ একটি স্ট্যান্ডার্ড ফরমেটে তৈরী হবে এবং উক্ত ছিদ্র সমূহ স্টার পান্স (Star Punch) দ্বারা এমনভাবে তৈরী করতে হবে যাতে ছিদ্র সমূহে কোন ডাষ্ট (কাগজের উচ্ছিষ্ট অংশ) না থাকে। Non CIS হিসেবে ব্যবহৃত কাগজ হবে ৭০ জিএসএম উন্নতমানের সাদা অফসেট, সাইজ ৯.৫০'X১১' (Letter-Size)।	২,৩০,০০০ কপি		
সর্বমোট দর (টাকা) =				


কথায়-.....

.....  
দরদাতার স্বাক্ষর ও সীলমোহর

শর্তাবলীঃ-

- (ক) আগামী ২৮/০৫/২০২৩ খ্রিঃ তারিখে বর্ণিত কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম সরবরাহের দরপত্র সীলগালা যুক্ত খামে ক্রমিক নং ০১ এ বর্ণিত স্থানে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না এবং নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
- (খ) খামের উপর স্পষ্টাক্ষরে “কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম” কথাটি লিখে জমা দিতে হবে।
- (গ)। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর, ভ্যাট রেজিস্ট্রেশনের সনদ পত্রের সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে।

- (ঘ) প্রাপ্ত দরপত্র যথাযথ ভাবে মূল্যায়নের পর সফল দরদাতা প্রতিষ্ঠানের অনুকূলে কার্যাদেশ প্রদানের মাধ্যমে বর্ণিত মালামাল সমূহ সংগ্রহ করা হবে।
- (ঙ) সফল দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের ১০ (দশ) দিনের মধ্যে উপরিলিখিত বর্ণনা অনুযায়ী মালামাল নিজ খরচে সমিতির সদর দপ্তর, কানাইপুর, ফরিদপুর পৌছাতে হবে।
- (চ) দরপত্রে উদ্বৃত্ত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে এবং কথায় লিখতে হবে। কোনরূপ ঘষামাঝা বা কাটাকাটি ও ফ্লুইড ব্যবহার গ্রহণ যোগ্য হবে না।
- (ছ) দরপত্রে একক দর ও মোট উদ্বৃত্ত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রে একক দর গ্রহণযোগ্য হিসেবে বিবেচনা করা হবে। অস্পূর্ণ দর পত্র বাতিল বলে গণ্য হবে।
- (জ)। নির্ধারিত সময়ের মধ্যে কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশকৃত মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তন যোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশের) বেশী হবে না।
- (ঝ) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের বিল হতে সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- (ঞ) অত্র পবিস কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন/ সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষন করে।
- (ট) শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয় নিম্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
 (মোঃ আবুল হাসান)  
 সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (বহল প্রচারের নিমিত্ত আপনার নোটিশ বোর্ডে টানানো সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো) ।

- ১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট(আইসিটি) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৩। জেলা প্রশাসক, ফরিদপুর ।
- ৪। পুলিশ সুপার, ফরিদপুর ।
- ৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, ফরিদপুর ।
- ৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..... পল্লী বিদ্যুৎ সমিতি -১/২/৩/৪ ।
- ৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ফরিদপুর।
- ৮। নির্বাহী প্রকৌশলী, জেলা সড়ক ও জনপথ বিভাগ, ফরিদপুর।
- ৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা ..... ফরিদপুর।
- ১০। ডিজিএম(নঃ জোঃ অঃ),(অর্থ-হিসাব)/এজিএম (ওএন্ডএম), ফপবিস ।
- ১১। সহকারী প্রকৌশলী, বাপবিবো, ফরিদপুর।
- ১২। মেসার্স----- ।
- ১৩। ওয়েব সাইট/নোটিশ বোর্ড, সদর দপ্তর, ফপবিস ।
- ১৪। অফিস কপি/মাষ্টার কপি।

আগামী ২৯/০৫/২০২৩খ্রিঃ তারিখ উপস্থিত থেকে দরপত্র মূল্যায়ন কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ আবুল হাসান)  
 সিনিয়র জেনারেল ম্যানেজার